অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নতুন জলবায়ু স্মার্ট কমিউনিটি প্রকল্পের জন্য গভর্নর হোকলের রেকর্ড সৃষ্টিকারী 14 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদানের ঘোষণা

মিউনিসিপ্যালিটিগুলোকে সবুজ অবকাঠামো গ্রহণ করা, গ্রিনহাউজ গ্যাস কমিয়ে আনা, এবং ঝড়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার উদ্যোগগুলোর ক্ষেত্রে সাহায্য করার জন্য লভ্য এযাবতকালের সর্বোচ্চ পরিমাণ তহবিল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে মিউনিসিপ্যালিটিগুলোকে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় পদক্ষেপ গ্রহণ করতে সাহায্য করার জন্য জলবায়ু স্মার্ট কমিউনিটি তহবিল (Climate Smart Communities Grant) কর্মসূচির জন্য এখন রেকর্ড সৃষ্টিকারী 14 মিলিয়ন ডলার বরাদ্দ করা হচ্ছে। গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনে এবং জলবায়ু পরিবর্তনের চলমান প্রভাবগুলোর সাথে মানিয়ে নেয়, যেমন বন্যার ঝুঁকি কমানো, প্রাকৃতিক সহিষ্ণুতা বৃদ্ধি করা, এবং গুরুত্বপূর্ণ অবকাঠামো স্থানান্তর বা রেট্রোফিট করা সম্পন্ন করে, এমন প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করা হবে।

"স্যান্ডি ও আইডার মতো ঘূর্ণিঝড় থেকে শুরু করে বাফেলোতে সাত ফুট উঁচু হয়ে তুষার জমা পর্যন্ত, আমরা প্রত্যেক বছর আমাদের আবহাওয়াকে ক্রমশ চরম পর্যায়ে যেতে দেখছি, এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো থেকে কমিউনিটিগুলোকে সুরক্ষার জন্য স্থানীয় প্রচেষ্টাগুলোতে আমাদের সহায়তা করার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "এই রেকর্ড পরিমাণ তহবিল আমাদের পরিবর্তনশীল জলবায়ুর ফলে তৈরি হওয়া চ্যালেঞ্জগুলো মোকাবেলায় সাহসী পদক্ষেপ গ্রহণ করতে স্থানীয় সরকারগুলোর ক্ষমতায়ন করবে, এবং উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যসমূহ পূরণে সাহায্য করার পাশাপাশি অন্যান্য মিউনিসিপ্যালিটির জন্য অনুসরণ করার মতো দৃষ্টান্ত স্থাপন করবে। নিউ ইয়র্ক আমাদের স্টেটে দেশের-নেতৃস্থানীয় জলবায়ু প্রচেষ্টাগুলোতে অবদান রাখার পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের জীবনে পার্থক্য তৈরি করবে এমন গুরুত্বপূর্ণ উদ্যোগগুলোকে সহায়তা প্রদান করা অব্যাহত রাখবে।"

2016 সালে প্রতিষ্ঠিত হওয়া স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) জলবায়ু স্মার্ট কমিউনিটি তহবিল কর্মসূচি একটি 50/50 ম্যাচিং কর্মসূচি। এটি জলবায়ু স্মার্ট কমিউনিটি হয়ে উঠতে সচেষ্ট এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো, বন্যার ঝুঁকি প্রশমন, এবং চরম বিরূপ আবহাওয়া মোকাবেলার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করার মাধ্যমে স্টেটের জলবায়ু পরিবর্তন সংক্রান্ত লক্ষ্যগুলো এগিয়ে নেবে এমন

প্রকল্পগুলো বাস্তবায়ন করতে সচেষ্ট মিউনিসিপ্যালিটিগুলোকে সহায়তা প্রদান করে থাকে। এই কর্মসূচি জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) সমর্থন করে, যে আইনে নিউ ইয়র্কের জন্য 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমনের পরিমাণ 1990 সালের স্তরের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনা আবশ্যক করা হয়েছে। এই কর্মসূচি চালু হওয়ার পর থেকে, DEC স্থানীয় জলবায়ু প্রশমন ও অভিযোজন প্রকল্পগুলোর জন্য মিউনিসিপ্যালিটিগুলোকে 50 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করেছে। এই অনুদান কর্মসূচি সম্পর্কে আরো তথ্য DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন, "সফল হওয়া জলবায়ু স্মার্ট কমিউনিটি কর্মসূচিগুলো স্টেট জুড়ে অসংখ্য মিউনিসিপ্যালিটিকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো এবং জলবায়ু পরিবর্তনের বিপজ্জনক প্রভাবগুলো মোকাবেলায় তাদের ভূমিকা পালন করতে সাহায্য করেছে। এই অতিরিক্ত এবং এযাবত কালে বরাদ্দকৃত সর্বোচ্চ পরিমাণের তহবিল জলবায়ু বিষয়ক বিভিন্ন উদ্যোগের সাথে মানিয়ে নেওয়ার জন্য কমিউনিটিগুলোর প্রয়োজনীয় সংস্থানগুলো প্রদান করতে গভর্নর হোকলের গভীর অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে সংযোজন করতে সাহায্য করার পাশাপাশি দেশের মধ্যে নিউ ইয়র্কের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি বিষয়ক উদ্যোগ অব্যাহত রাখতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "একটি অধিকতর সুস্থ ও আরো বেশি শক্তিশালী নিউ ইয়র্ক গড়ে তোলা স্থানীয় পর্যায়ে পদক্ষেপ গ্রহণ থেকে শুরু হবে, এবং জলবায়ু স্মার্ট কমিউনিটি তহবিল কর্মসূচি সম্প্রসারিত হতে দেখে আমরা রোমাঞ্চিত। আমাদের স্টেট জুড়ে কমিউনিটিগুলো জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো প্রশমনের প্রতি শক্তিশালী অঙ্গীকারাবদ্ধতা দেখিয়েছে, এবং এই বাড়তি তহবিল আমাদের সবুজ ভবিষ্যত নির্মাণের জন্য একসঙ্গে কাজ করে যাওয়ার এই সময়ে আরো বেশি সংখ্যক স্থানীয় কমিউনিটিকে এই কাজে সম্পৃক্ত হওয়ার সুযোগ করে দিবে।"

প্রকল্প বাস্তবায়নের জন্য 50,000 ডলার থেকে 2 মিলিয়ন ডলার পর্যন্ত তহবিল প্রদানের জন্য 12 মিলিয়ন ডলার লভ্য রয়েছে, যেসব প্রকল্পের মধ্যে থাকতে পারে:

- যানবাহনের অতিক্রান্ত মাইলের (VMT) পরিমাণ কমানো;
- খাবারের বর্জ্য কমানো;
- ফ্রিজ ও অন্যান্য শীতলকারক সরঞ্জাম থেকে হাইড্রোফ্লুরো কার্বন নির্গমন কমানো;
- জলাভূমি ও প্লাবনভূমি সংস্কার বা সংরক্ষণের মাধ্যমে প্রাকৃতিক সহিষ্ণুতা বৃদ্ধি করা;
- ভবিষ্যতের বন্যার ঝুঁকি কমানো, যেমন গুরুত্বপূর্ণ অবকাঠামো স্থানান্তর বা রেট্রোফিট করার মাধ্যমে; এবং
- চরম বিরূপ আবহাওয়ার জন্য প্রস্তুতি নেওয়া।

সেইসাথে, গ্রিনহাউজ গ্যাস প্রশমন, জলবায়ু অভিযোজন, ও ভূমি ব্যবহারের ক্ষেত্রে জলবায়ু স্মার্ট কমিউনিটি সার্টিফিকেশন পাওয়ার 19টি সুনির্দিষ্ট পদক্ষেপের সাথে সঙ্গতিপূর্ণ পরিকল্পনা,

ইনভেন্টরি, ও মূল্যায়ন প্রকল্পগুলোর জন্য 10,000 ডলার থেকে 200,000 ডলার পর্যন্ত সার্টিফিকেশন তহবিল সরবরাহ করার জন্য 2 মিলিয়ন ডলার পর্যন্ত লভ্য রয়েছে।

আবেদনের শেষ সময় 29 জুলাই, 2022 তারিখ বিকাল 4টা। অনুদানের এই সাম্প্রতিক রাউন্ডের জন্য আবেদন করতে নিউ ইয়র্ক স্টেটের কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশনে (Consolidated Funding Application, CFA) যান, যেটি অনলাইনে এখানে পাওয়া যাবে: https://apps.cio.ny.gov/apps/cfa/

এসব অনুদান স্থানীয় জলবায়ু পদক্ষেপে কমিউনিটির সম্পৃক্ততার ক্ষেত্রে সহায়তার জন্য একটি বৃহত্তর কর্মসূচির অংশ। বর্তমানে 356টি নিবন্ধিত জলবায়ু স্মার্ট কমিউনিটি রয়েছে যেগুলো 9.4 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসীর প্রতিনিধিত্ব করে। একটি নিবন্ধিত কমিউনিটি হিসেবে বিবেচিত হওয়ার জন্য মিউনিসিপ্যালিটিগুলো 10টি প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত রয়েছে এমন একটি আনুষ্ঠানিক অঙ্গীকার পাশ করার মাধ্যমে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় পদক্ষেপ গ্রহণ করতে অঙ্গীকার করেছে। 2014 সাল থেকে, 90টিরও বেশি মিউনিসিপ্যালিটি সনদপ্রাপ্ত জলবায়ু স্মার্ট কমিউনিটি হিসেবে বিবেচিত হওয়ার জন্য কঠোর পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে। এসব সনদপ্রাপ্ত কমিউনিটি স্থানীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তন প্রশমন করে এবং এর সাথে মানিয়ে নেয় এমন পদক্ষেপগুলো সম্পূর্ণ করা ও নথিবদ্ধ করার জন্য তাদের অঙ্গীকারকে ছাড়িয়ে গেছে। এই সার্টিফিকেশন প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য অনলাইনে পাওয়া যাবে: https://climatesmart.ny.gov/

আজ সগার্টিজে আয়োজিত একটি অনুষ্ঠানে, একটি ব্রোঞ্জ সনদপ্রাপ্ত জলবায়ু স্মার্ট কমিউনিটি, DEC-এর কমিশনার সেগোস 2021 সালে একটি উদ্ভাবনমূলক প্রকল্পের জন্য অনুদান প্রদানের উপলক্ষ্য উদযাপন করেন যেটি ছিল সাধারণভাবে ব্যবহৃত যেসব রেফ্রিজারেন্ট শক্তিশালী গ্রিনহাউজ গ্যাস হিসেবে কাজ করে সেগুলোর বিকল্প ব্যবহার সমর্থনের জন্য অনুদান তহবিলের প্রথম ব্যবহার। DEC এই টাউনকে কিওয়ানিজ আইস এরেনাতে (Kiwanis Ice Arena) পুরোনো হয়ে যাওয়া একটি চিলারকে অ্যামোনিয়া-ভিত্তিক রেফ্রিজারেন্ট ব্যবহার করে এমন একটি নতুন, অধিকতর কর্মদক্ষ চিলার দিয়ে প্রতিস্থাপন করতে সাহায্য করার জন্য 269,000 ডলারেরও বেশি প্রদান করেছে, এই নতুন চিলার ব্যবহারের ফলে বছরে 5,000 মেট্রিক টন কার্বন ডাইঅক্সাইডের সমতুল্য নির্গমন কমে আসবে। নিউ ইয়র্ক স্টেট যেসব বিভিন্ন উপায়ে প্রকল্পগুলোর মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনা ও জলবায়ু সহিষ্ণুতার বিষয়টি একীভূত করছে সে সম্পর্কে আরো তথ্য জানতে কমিশনার সেগোস আজ নিউ ইয়র্ক স্টেটের ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) চূড়ান্ত শুনানির আগে সাইটটি ঘুরে দেখেছেন, যে শুনানি আজ রাতে পিকস্কিলে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

জলবায়ু স্মার্ট কমিউনিটি তহবিল কর্মসূচিগুলো স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund) দ্বারা সমর্থিত। 2022-23 অর্থবছরের স্টেট বাজেটের পরিবেশ বিষয়ক অনেকগুলো বিজয়ের মধ্যে, গভর্নর হোকল EPF 300 মিলিয়ন ডলার থেকে বৃদ্ধি করে 400 মিলিয়ন ডলারে উন্নীত করতে সফল হয়েছেন, যা এই কর্মসূচির ইতিহাসে এযাবত কালের সর্বোচ্চ পরিমাণ তহবিল এবং এর মধ্যে জলবায়ু স্মার্ট কমিউনিটি প্রকল্পগুলোর জন্য তহবিলের পরিমাণ 4.7 মিলিয়ন ডলার বৃদ্ধি পেয়ে সর্বমোট 15 মিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। EPF জলবায়ু

পরিবর্তন প্রশমন ও অভিযোজনের প্রচেষ্টাগুলোতে সহায়তা করে, টেকসই কৃষির প্রসারের জন্য কৃষি সম্পদের উন্নয়ন করে, আমাদের পানির উৎসগুলো সংরক্ষণ করে, সংরক্ষণের প্রচেষ্টাগুলো এগিয়ে নেয়, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে।

জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, ভবনগুলি থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি পরিচ্ছন্ন শক্তি বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে।

জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###